



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১,
আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন নং- ৮৮০-৩১-৭২৩৭৫৪, ই-মেইলঃ
gso@gso.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ১৮.১৭.১৫০০.৩০৭.২৬.১৩৫.১৯.৫২৯

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

বিষয়: বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কিছু সংখ্যক সীফ্যায়ারার শিপিং অফিস, চট্টগ্রাম এবং নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকায় চুক্তিপত্রে সাইন-অন করার পর সাইন-অনকৃত জাহাজে যোগদান না করে অন্য জাহাজে যোগদান বা পূর্বের সাইন-অন বাতিল না করে অন্য নাবিক রিক্রুটিং এজেন্ট মাধ্যমে পুনরায় সাইন-অন করছেন। আবার কতিপয় সীফ্যায়ারার জাহাজে যোগদানের উদ্দেশ্যে ম্যানিং এজেন্টের মাধ্যমে বিভিন্ন কোর্স, মেডিকেল, ভিসা এবং অন্যান্য কার্যাদি সম্পন্ন করার পর এজেন্টের সাথে যোগাযোগ না করে অন্য আর একটি এজেন্টের মাধ্যমে সাইন-অন করে জাহাজে যোগদান করছেন মর্মে বিভিন্ন নাবিক রিক্রুটিং এজেন্ট হতে অভিযোগ পাওয়া যাচ্ছে।

২। কোন কোন নাবিক রিক্রুটিং এজেন্ট সীফ্যায়ারারকে সাইন অনের কথা বলে এবং সময়মত সাইন অন না করিয়ে অথবা সাইন অনের পর সময়মত জাহাজে যোগদান না করিয়ে এবং চুক্তিপত্র বাতিল না করিয়ে সীফ্যায়ারার এর সিডিসি, পাসপোর্ট, সিওপি সহ অন্যান্য জরুরী ডকুমেন্টস আটকে রাখছেন বলে বিভিন্ন মারফত জানা যাচ্ছে।

৩। ইহা গর্হিত কাজ। মার্চেন্ট শিপিং অর্ডিনেন্স-১৯৮৩ অনুযায়ী অপরাধের শামিল।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল জাহাজ মালিক, নাবিক রিক্রুটিং এজেন্ট, সীফ্যায়ারারকে এধরনের কার্যক্রম হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হল। পরবর্তীতে এধরনের অপরাধ প্রমানিত হলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

১২-৫-২০২২

মোঃ জাকির হোসেন চৌধুরী

শিপিং মাস্টার

ফোন: 880-31-723754

ফ্যাক্স: 880-31-710984

ইমেইল: gso@gso.gov.bd

বিতরণ :

- ১) সরকারি সমুদ্র পরিবহন অফিস গ্রুপ।
- ২) সরকারি শিপিং অফিসের ওয়েব সাইট, সরকারি সমুদ্র পরিবহন(শিপিং) অফিস আগ্রাবাদ, চট্টগ্রাম।


স্মারক নম্বর: ১৮.১৭.১৫০০.৩০৭.২৬.১৩৫.১৯.৫২৯/১(২)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর
- ২) পিএ টু শিপিং মাস্টার, শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস



১২-৫-২০২২

মোঃ জাকির হোসেন চৌধুরী

শিপিং মাস্টার